নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৩৪

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮ / ২৯ সেপ্টেম্বর ২০২১

## প্রজ্ঞাপন

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৩৪।- স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্দ্বারা এতদসংগে সংযোজিত তালিকার বর্ণিত ১০টি পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে ইভিএম এর মাধ্যমে নির্বাচনের উদ্দেশ্যে নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করিতেছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২৪ আশ্বিন ১৪২৮<br>০৯ অক্টোবর ২০২১ | শনিবার |
| (খ) | মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২৬ আশ্বিন ১৪২৮<br>১১ অক্টোবর ২০২১ | সোমবার |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০১ কার্তিক ১৪২৮<br>১৭ অক্টোবর ২০২১ | রবিবার |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **১৭ কার্তিক ১৪২৮<br>০২ নভেম্বর ২০২১** | **মঙ্গলবার** |
| **ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত** | | | | |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

২৯/৯/২০২১

**( মোঃ আতিয়ার রহমান )**
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

উপপরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং গেজেট বিজ্ঞপ্তির ৫০ (পঞ্চাশ) কপি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৩৪

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮ / ২৯ সেপ্টেম্বর ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ................................................ (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ........................................................ (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৭. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ...................................... (সংশ্লিষ্ট)
১০. উপ-মহাপুলিশ পরিদর্শক, ................................ (সংশ্লিষ্ট) রেঞ্জ
১১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচনের তারিখের সাথে সমন্বয় করে ইতঃপূর্বের ন্যায় নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল গঠন ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ]
১২. যুগ্মসচিব (নিঃব্যঃ ১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [রাজনৈতিক দলকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা [ প্রশিক্ষণ পরিকল্পনা ও প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি জারি ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধসহ]
১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৬. জেলা প্রশাসক, ................................................(সংশ্লিষ্ট)
১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ................................(সংশ্লিষ্ট) অঞ্চল
১৮. পুলিশ সুপার, ..................................................(সংশ্লিষ্ট)
১৯. সিনিয়র/জেলা নির্বাচন অফিসার, .......................... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার [১ম হতে ৬ষ্ঠ ধাপের পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় হতে জারীকৃত/জারীতব্য আদেশ-নির্দেশ, পরিপত্রের নিদের্শনার সাথে বর্তমান নির্বাচনের তারিখ সমন্বয় পূর্বক এবং আইন ও বিধি মোতাবেক নির্বাচন অনুষ্ঠান করার জন্য অনুরোধ করা হলো।]
২০. উপজেলা নির্বাহী অফিসার, ...............................................(সংশ্লিষ্ট)
২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................(সংশ্লিষ্ট)
২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ...................................................... এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. উপজেলা/থানা নির্বাচন অফিসার, ................................(সংশ্লিষ্ট)
২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ..................................................(সংশ্লিষ্ট) থানা।

২৯/৯/২০২১

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ৫৫০০৭৬১০, ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮

সংলগ্নী-ক

# পৌরসভা সাধারণ নির্বাচন

## ৭ম ধাপে যে সকল পৌরসভায় নির্বাচন অনুষ্ঠিত হবে তার তালিকা

| ক্রম | জেলা | উপজেলা | পৌরসভার নাম |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১. | নরসিংদী | পলাশ | ঘোড়াশাল |
| ২. | ব্রাহ্মণবাড়িয়া | কসবা | কসবা |
| ৩. | ফেনী | ছাগলনাইয়া | ছাগলনাইয়া |
| ৪. | খাগড়াছড়ি | রামগড় | রামগড় |
| ৫. | বগুড়া | সোনাতলা | সোনাতলা |
| ৬. | দিনাজপুর | ঘোড়াঘাট | ঘোড়াঘাট |
| ৭. | নীলফামারী | ডোমার | ডোমার |
| ৮. | নড়াইল | লোহাগড়া | লোহাগড়া |
| ৯. | কিশোরগঞ্জ | পাকুন্দিয়া | পাকুন্দিয়া |
| ১০. | চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ সদর | চাঁপাইনবাবগঞ্জ |

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৩৫

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮
২৯ সেপ্টেম্বর ২০২১

## বিজ্ঞপ্তি

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৩৫।- স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ৫ অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্দ্বারা নিম্নবর্ণিত তফসিলের ৪নং কলামে বর্ণিত পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন পরিচালনার নিমিত্তে ৫নং ও ৬নং কলামে উল্লিখিত কর্মকর্তাগণকে যথাক্রমে রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ করিতেছেন:

### তফসিল

| ক্রম | জেলা | উপজেলা | পৌরসভার নাম | রিটার্নিং অফিসার | সহকারী রিটার্নিং অফিসার |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ |
| ১. | নরসিংদী | পলাশ | ঘোড়াশাল | জেলা নির্বাচন অফিসার নরসিংদী | উপজেলা নির্বাচন অফিসার পলাশ, নরসিংদী |
| ২. | ব্রাহ্মণবাড়িয়া | কসবা | কসবা | জেলা নির্বাচন অফিসার ব্রাহ্মণবাড়িয়া | উপজেলা নির্বাচন অফিসার কসবা, ব্রাহ্মণবাড়িয়া |
| ৩. | ফেনী | ছাগলনাইয়া | ছাগলনাইয়া | জেলা নির্বাচন অফিসার ফেনী | উপজেলা নির্বাচন অফিসার ছাগলনাইয়া, ফেনী |
| ৪. | খাগড়াছড়ি | রামগড় | রামগড় | জেলা নির্বাচন অফিসার খাগড়াছড়ি | উপজেলা নির্বাচন অফিসার রামগড়, খাগড়াছড়ি |
| ৫. | বগুড়া | সোনাতলা | সোনাতলা | সিনিয়র জেলা নির্বাচন অফিসার বগুড়া | উপজেলা নির্বাচন অফিসার সোনাতলা, বগুড়া |
| ৬. | দিনাজপুর | ঘোড়াঘাট | ঘোড়াঘাট | সিনিয়র জেলা নির্বাচন অফিসার দিনাজপুর | উপজেলা নির্বাচন অফিসার ঘোড়াঘাট, দিনাজপুর |
| ৭. | নীলফামারী | ডোমার | ডোমার | জেলা নির্বাচন অফিসার নীলফামারী | উপজেলা নির্বাচন অফিসার ডোমার, নীলফামারী |
| ৮. | নড়াইল | লোহাগড়া | লোহাগড়া | জেলা নির্বাচন অফিসার নড়াইল | উপজেলা নির্বাচন অফিসার লোহাগড়া, নড়াইল |
| ৯. | কিশোরগঞ্জ | পাকুন্দিয়া | পাকুন্দিয়া | জেলা নির্বাচন অফিসার কিশোরগঞ্জ | উপজেলা নির্বাচন অফিসার পাকুন্দিয়া, কিশোরগঞ্জ |
| ১০. | চাঁপাইনবাবগঞ্জ | চাঁপাইনবাবগঞ্জ সদর | চাঁপাইনবাবগঞ্জ | জেলা নির্বাচন অফিসার চাঁপাইনবাবগঞ্জ | উপজেলা নির্বাচন অফিসার চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ |

নির্বাচন কমিশনের আদেশক্রমে

২৯/০৯/২০২১

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোনঃ ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

প্রাপক,
উপ-পরিচালক
বাংলাদেশ সরকারি মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা

অদ্যকার তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশ করিতে এবং ৫০ (পঞ্চাশ) কপি গেজেট বিজ্ঞপ্তি সরকারি কাজে ব্যবহারার্থে সরবরাহ করিতে অনুরোধ করা যাইতেছে।

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৩৫

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮ / ২৯ সেপ্টেম্বর ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা

৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা

৪. সিনিয়র সচিব, .................................................. (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)

৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা

৬. সচিব, ............................................................... (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)

৭. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা

৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

৯. বিভাগীয় কমিশনার, ......................................... (সংশ্লিষ্ট)

১০. উপ-মহাপুলিশ পরিদর্শক, .................................... (সংশ্লিষ্ট) রেঞ্জ

১১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচনের তারিখের সাথে সমন্বয় করে ইতঃপূর্বের ন্যায় নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল গঠন ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইল। ]

১২. যুগ্মসচিব (নিঃব্যঃ ১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [রাজনৈতিক দলকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা [ প্রশিক্ষণ পরিকল্পনা ও প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ বিজ্ঞপ্তি জারি ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধসহ]

১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৬. জেলা প্রশাসক, ..................................................(সংশ্লিষ্ট)

১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ...................................(সংশ্লিষ্ট) অঞ্চল

১৮. পুলিশ সুপার, ..................................................(সংশ্লিষ্ট)

১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, .................................... (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার [১ম হতে ৬ষ্ঠ ধাপের পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচন কমিশন সচিবালয় হতে জারীকৃত/জারীতব্য আদেশ-নির্দেশ, পরিপত্রের নিদের্শনার সাথে বর্তমান নির্বাচনের তারিখ সমন্বয় পূর্বক এবং আইন ও বিধি মোতাবেক নির্বাচন অনুষ্ঠান করার জন্য অনুরোধ করা হলো।]

২০. উপজেলা নির্বাহী অফিসার, ...............................................(সংশ্লিষ্ট)

২১. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................(সংশ্লিষ্ট)

২২. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৩. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. উপজেলা নির্বাচন অফিসার, ................................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২৬. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ...................................................(সংশ্লিষ্ট) থানা।

29/9/2021

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

C:\Users\User\Desktop\Woman Parliament By Election - 345 sheet\Pourashava\RO ARO.doc

নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৩৬

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮ / ২৯ সেপ্টেম্বর ২০২১

# পরিপত্র-১

**বিষয়ঃ পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচনি সময়সূচি ও রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ এবং মনোনয়নপত্র আহবানের গণ-বিজ্ঞপ্তি জারি, মনোনয়নপত্র দাখিল, নিবন্ধিত রাজনৈতিক দলের ক্ষেত্রে দলীয় মনোনয়ন, স্বতন্ত্র প্রার্থীর প্রার্থিতার সপক্ষে সমর্থনসূচক স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল ও যাচাই ইত্যাদি**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে পৌরসভা নির্বাচনের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য পৌরসভা সাধারণ নির্বাচন উপলক্ষে নির্বাচনি সময়সূচি ও রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার ও আপিল কর্তৃপক্ষ নিয়োগ এবং মনোনয়নপত্র আহবানের গণ-বিজ্ঞপ্তি জারি, মনোনয়নপত্র দাখিল, নিবন্ধিত রাজনৈতিক দলের মেয়র পদে দলীয় মনোনয়ন, স্বতন্ত্র মেয়র প্রার্থীর প্রার্থিতার সপক্ষে সমর্থনসূচক স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল ও যাচাই বিষয়ে বিভিন্ন নির্দেশাবলী নিম্নে উল্লেখ করা হলো:

০২। **নির্বাচনি সময়সূচি:** স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুসারে মাননীয় নির্বাচন কমিশন পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচন অনুষ্ঠানের জন্য **২৯ সেপ্টেম্বর ২০২১** তারিখে জারিকৃত প্রজ্ঞাপনের মাধ্যমে নিম্নেবর্ণিত সময়সূচি প্রকাশ করেছেন:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২৪ আশ্বিন ১৪২৮<br>০৯ অক্টোবর ২০২১ | শনিবার |
| (খ) | মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২৬ আশ্বিন ১৪২৮<br>১১ অক্টোবর ২০২১ | সোমবার |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০১ কার্তিক ১৪২৮<br>১৭ অক্টোবর ২০২১ | রবিবার |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **১৭ কার্তিক ১৪২৮**<br>**০২ নভেম্বর ২০২১** | **মঙ্গলবার** |
| **ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত** | | | | |

উক্ত সময়সূচি মোতাবেক প্রতিটি পৌরসভার জন্য আপনাকে আলাদা গণ-বিজ্ঞপ্তি জারি করতে হবে।

০৩। **রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার নিয়োগ:** বিধিমালার বিধি ৫ অনুসারে নির্বাচন পরিচালনার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার এর মধ্য হতে রিটার্নিং অফিসার নিয়োগ করেছেন এবং রিটার্নিং অফিসারকে সহায়তাদানের জন্য সহকারী রিটার্নিং অফিসারও নিয়োগ করেছেন (প্রজ্ঞাপনের অনুলিপি সংযোজিত)।

০৪। **প্রকাশ্য স্থানে সময়সূচির বিজ্ঞপ্তি জারি:** নির্বাচন অনুষ্ঠান পরিচালনার জন্য নির্বাচনি সময়সূচি সম্বলিত বিজ্ঞপ্তির অনুলিপি এতদসংগে প্রেরণ করা হলো যা বিধিমালার ১০(২) বিধির আলোকে রিটার্নিং অফিসারের কার্যালয়, পৌরসভার কার্যালয়, সংশ্লিষ্ট ওয়ার্ড কার্যালয় এবং অন্যান্য গুরুত্বপূর্ণ ও প্রকাশ্য স্থানে জারি করতে হবে। সকল ভোটকেন্দ্রে নির্ধারিত তারিখে সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে **ইভিএম** এর মাধ্যমে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে এ বিষয়টি গণবিজ্ঞপ্তিতে উল্লেখ করতে হবে।

০৫। **মনোনয়নপত্র আহ্বানের গণ-বিজ্ঞপ্তি:** নির্বাচনের সময়সূচির বিজ্ঞপ্তি জারির সাথে সাথে বিধিমালার বিধি ১১ অনুযায়ী সংশ্লিষ্ট পৌরসভার মেয়র এবং সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র দাখিলের আহ্বান জানিয়ে গণ-বিজ্ঞপ্তি জারি করবেন। উক্ত গণ-বিজ্ঞপ্তিতে মনোনয়নপত্র দাখিলের স্থান, তারিখ ও সময় উল্লেখ থাকিবে। উল্লেখ্য যে, মনোনয়নপত্র দাখিলের নির্ধারিত তারিখে সকাল ৯.০০ ঘটিকা হইতে বিকাল ৫.০০ ঘটিকা পর্যন্ত সময়কালে মনোনয়নপত্র গ্রহণ করতে হবে। গণ-বিজ্ঞপ্তির একটি নমুনা পরিশিষ্ট 'ক'-তে উল্লেখ করা হলো।

০৬। **মনোনয়নপত্র দাখিল:** বিধিমালার ১২ বিধির (৫) উপ-বিধি অনুসারে প্রার্থী নিজে অথবা তাহার প্রস্তাবক অথবা তাহার সমর্থক রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিল করতে পারবেন। **উল্লেখ্য প্রার্থী কর্তৃক মনোনয়নপত্র দাখিলের প্রাক্কালে শুধুমাত্র মেয়র পদের প্রার্থীর ক্ষেত্রে স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) অনুযায়ী প্রয়োজনীয় দলিলাদি এবং সকল পদের প্রার্থীর ক্ষেত্রে মনোনয়নপত্রের সহিত বিধি ৪৮ অনুযায়ী সম্ভাব্য নির্বাচনী ব্যয় এবং উৎসের বিবরণী সম্বলিত ফরম-'ঢ' দাখিল করিতে হইবে।** মনোনয়নপত্র দাখিলের পর পরই রিটার্নিং অফিসার দাখিলের দিন ও সময় উল্লেখ করে রসিদ প্রদান করবেন। উক্ত রসিদের নমুনা মনোনয়নপত্রের সাথে সংযোজিত রয়েছে।

০৭। **মনোনয়নপত্র বাছাই:** বিধি ১৪ অনুযায়ী ৭ম ধাপের পৌরসভা সাধারণ নির্বাচনের সময়সূচি অনুসারে ১১ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ বাছাইয়ের কাজ সম্পন্ন করতে হবে।

০৮। **আপিল কর্তৃপক্ষ নিয়োগ এবং আপিল দায়ের ও নিষ্পত্তি:** বিধিমালার ১৫ বিধির (৩) উপ-বিধি অনুযায়ী নির্বাচন কমিশন সংশ্লিষ্ট জেলার জেলা প্রশাসকগণকে আপিল কর্তৃপক্ষ নিয়োগ করে প্রজ্ঞাপন জারি করেছেন (কপি সংযুক্ত)। বিধিমালার বিধি ১৫ অনুসারে মনোনয়নপত্র বাতিল বা গ্রহণের বিরুদ্ধে বাছাই এর পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে আপিল দায়ের এবং দায়েরকৃত আপিলসমূহ আপিল দায়েরের নির্ধারিত তারিখের পরবর্তী ০৩ (তিন) দিনের মধ্যে নিষ্পত্তির বিধান রয়েছে। ৭ম ধাপের পৌরসভা সাধারণ নির্বাচনের সময়সূচি অনুসারে আপিল দায়েরের শেষ দিন ১৪ অক্টোবর ২০২১ তারিখ। দাখিলকৃত আপিলসমূহ ১৬ অক্টোবর ২০২১ তারিখের মধ্যে নিষ্পত্তি করার জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন।

০৯। **মেয়র পদে নিবন্ধিত রাজনৈতিক দলের ক্ষেত্রে দলীয় মনোনয়ন:** স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১২ এর উপ-বিধি (৩) এর দফা (গ) এর উপ-দফা (ইইই) অনুযায়ী রাজনৈতিক দলের মেয়র প্রার্থীর ক্ষেত্রে সংশ্লিষ্ট রাজনৈতিক দলের সভাপতি বা সাধারণ সম্পাদক বা সমপর্যায়ের পদাধিকারী বা তাঁদের নিকট হইতে ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির স্বাক্ষরিত এই মর্মে একটি প্রত্যয়নপত্র থাকবে যে, উক্ত প্রার্থীকে উক্ত দল হতে মনোনয়ন দেয়া হয়েছে। কোন রাজনৈতিক দল কোন পৌরসভায় মেয়র পদে একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করতে পারবে না, একাধিক ব্যক্তিকে মনোনয়ন প্রদান করলে সংশ্লিষ্ট পৌরসভায় উক্ত দলের প্রার্থীর মনোনয়নপত্র বাতিল বলে গণ্য হবে। সংশ্লিষ্ট রাজনৈতিক দল উহার ক্ষমতাপ্রাপ্ত ব্যক্তির নাম, পদবী, নমুনা স্বাক্ষরসহ একটি পত্র তফসিল ঘোষণার ৫ (পাঁচ) দিনের মধ্যে রিটার্নিং অফিসারের নিকট প্রেরণ করবে এবং উক্ত পত্রের একটি অনুলিপি নির্বাচন কমিশনেও প্রেরণ করবে।

১০। **মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীর প্রার্থিতার সপক্ষে সমর্থনসূচক স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল:** স্বতন্ত্র মেয়র প্রার্থীর প্রার্থিতার জন্য সংশ্লিষ্ট পৌরসভার ১০০ (একশত) জন ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা মনোনয়নপত্রের সাথে দাখিল করতে হবে। তবে কোন স্বতন্ত্র মেয়র প্রার্থী পৌরসভার মেয়র পদে ইতিপূর্বে নির্বাচিত হয়ে থাকলে তাঁর জন্য ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা দাখিল করার প্রয়োজন হবে না।

১১। **স্বতন্ত্র মেয়র প্রার্থীর ভোটারের স্বাক্ষর যুক্ত তালিকা যাচাই পদ্ধতি:** স্বতন্ত্র মেয়র প্রার্থীর ভোটারের স্বাক্ষর যুক্ত তালিকা যাচাই এর জন্য নিম্নরূপ বিধান রয়েছে:

(১) স্বতন্ত্র মেয়র প্রার্থীকে সংশ্লিষ্ট পৌরসভার ১০০ (একশত) জন ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকা মনোনয়নপত্রের সাথে দাখিল করতে হবে। উক্ত তালিকায় নির্ধারিত সংখ্যা হইতে কম সংখ্যক ভোটারের স্বাক্ষর থাকে বা কোন ক্রমিকের তথ্যের গরমিল থাকে তাহলে সংশ্লিষ্ট মনোনয়পত্রটি রিটার্নিং অফিসার বাতিল করবেন।

(২) রিটার্নিং অফিসার বিধি ১২ (৩) (গ) (ইইই) অধীন প্রাপ্ত স্বতন্ত্র প্রার্থীর তালিকা নির্ধারিত সময়ের মধ্যে ফ্যাক্স, ই-মেইল বা অন্য কোন মাধ্যমে কমিশনে মনোনীত কর্মকর্তাকে অবহিত করবেন।

(৩) নির্বাচন কমিশনের মনোনীত কর্মকর্তা দৈবচয়নের ভিত্তিতে কম্পিউটার পোগ্রামের মাধ্যমে প্রত্যেক স্বতন্ত্র প্রার্থীর দাখিলকৃত স্বাক্ষর তালিকার ৫ (পাঁচ) টি সংখ্যা চিহ্নিত করবেন, যা ক্রমিক ১ (এক) হইতে ১০০ (একশত) এর মধ্যে হতে হবে এবং উহা রিটার্নিং অফিসারকে ফ্যাক্স, ই-মেইল বা অন্য কোন মাধ্যমে অবহিত করবেন।

(৪) স্বতন্ত্র প্রার্থী কর্তৃক দাখিলকৃত স্বাক্ষরযুক্ত তালিকায় ১০০ (একশত) এর অধিক নাম ও স্বাক্ষর অন্তর্ভুক্ত থাকলে, যে ক্রমিক হতে এ অধিক সংখ্যার শুরু হয়েছে তা দৈবচয়নের অন্তর্ভুক্ত হবে না।

(৫) নির্বাচন কমিশনের কর্মকর্তা কর্তৃক চিহ্নিত ৫ (পাঁচ) টি সংখ্যার বিপরীতে উল্লিখিত তথ্যাদি রিটার্নিং অফিসার সরেজমিনে তদন্ত করবেন বা করাবেন এবং তদন্ত কর্মকর্তা প্রতিটি সংখ্যার বিপরীতে একটি লিখিত প্রতিবেদন প্রস্তুত করবেন।

(৭) তদন্তের ফলাফলের উপর সংশ্লিষ্ট এলাকার একজন ভোটারের প্রত্যয়ন অথবা যাচাইকৃত ভোটারের স্বাক্ষর/টিপসহি থাকবে। উহাতে সংশ্লিষ্ট এলাকার অপর একজন ভোটারের প্রতিস্বাক্ষর বা টিপসহি থাকবে।

(৮) বিধি ১২ক অধীনে মনোনয়নপত্র বাতিল করা হলে বাতিলের কারণ উল্লেখ পূর্বক রিটার্নিং অফিসার সিদ্ধান্ত লিপিবদ্ধ করবেন।

বিধি ১২(ক) অনুযায়ী আপনাকে স্বতন্ত্র প্রার্থীর দাখিলকৃত ভোটারের স্বাক্ষরযুক্ত তালিকার বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে।

১২। **ভোটার তালিকার সিডি বিক্রয়:** আগ্রহী প্রার্থীকে মনোনয়নপত্র সংগ্রহের সময় প্রতিটি সাধারণ ওয়ার্ডের জন্য ছবিছাড়া ভোটার তালিকার সিডি ৫০০ (পাঁচশত) টাকা হারে চালান বা পে অর্ডার জমা দিয়ে রিটার্নিং অফিসারের নিকট হতে সংগ্রহ করতে হবে। ভোটার তালিকা সিডি ক্রয়ের অর্থ চালানে জমা দানের কোড **১-০৬০১-০০০১-২৬৩১।**

১৩। **মনোনয়নপত্রের সাথে আচরণ বিধিমালার কপি প্রদান:** পৌরসভা (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১৫ এর কপি এতদসংগে সংযুক্ত করা হলো। মনোনয়নপত্র সংগ্রহের সময় আচরণ বিধির কপি সংশ্লিষ্ট মনোনয়নপত্র গ্রহণকারীকে মনোনয়নপত্রের সাথে প্রদান করতে হবে এবং প্রতীক বরাদ্দের পূর্বে কোন প্রকার প্রচার-প্রচারণা না করার জন্যও নির্দেশনা প্রদান করতে হবে। এছাড়া পোস্টার, লিফটলেটসহ বিদ্যমান প্রচার সামগ্রী নিজ খরচে অপসারণের জন্যও নির্দেশনা প্রদান করতে হবে।

১৪। **স্বাস্থ্য বিধি অনুসরণ:** মনোনয়নপত্র বিতরণ, গ্রহণ, মনোনয়নপত্র বাছাই, প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের প্রচার প্রচারণা, ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ আয়োজন সর্বোপরি ভোটগ্রহণের দিন ভোটারদের লাইন ব্যবস্থাপনা স্বাস্থ্য বিধি অনুসরণ করে সম্পন্ন করতে হবে।

১৫। এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো ।

২৯/৯/২০২১

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-২ অধিশাখা
ফোন: ০২-৫৫০০৭৫২৫
E-mail: sasemc1@gmail.com

সংলগ্নী: বর্ণনা মোতাবেক

সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,....................(সংশ্লিষ্ট)
ও
রিটার্নিং অফিসার, .............................. পৌরসভা সাধারণ নির্বাচন

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৩৬

তারিখ: ১৪ আশ্বিন ১৪২৮ / ২৯ সেপ্টেম্বর ২০২১

**অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, ঢাকা
৪. সিনিয়র সচিব, ................................................. (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৫. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেড কোয়ার্টার্স, ঢাকা
৬. সচিব, ........................................................... (সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ)
৭. মহাপরিচালক, বিজিবি/ আনসার ও ভিডিপি/র‍্যাপিড এ্যাকশন ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, ............................ (সংশ্লিষ্ট)
১০. উপ-মহাপুলিশ পরিদর্শক, ...................... (সংশ্লিষ্ট) রেঞ্জ
১১. যুগ্মসচিব (আইন), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচনের তারিখের সাথে সমন্বয় করে ইতঃপূর্বের ন্যায় নির্বাচনি ট্রাইব্যুনাল ও আপিল ট্রাইব্যুনাল গঠন ও জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধসহ ]

১২. যুগ্মসচিব (নিঃব্যঃ ১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [রাজনৈতিক দলকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা [ প্রশিক্ষণ পরিকল্পনা ও প্রাসঙ্গিক অন্যান্য ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৪. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [সংবাদ মাধ্যমকে অবহিতকরণ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধসহ]

১৫. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশ ও প্রাসঙ্গিক অন্যান্য কার্যক্রম গ্রহণের অনুরোধসহ]

১৬. জেলা প্রশাসক, ....................................................(সংশ্লিষ্ট)

১৭. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ..................................(সংশ্লিষ্ট) অঞ্চল

১৮. পুলিশ সুপার, ....................................................(সংশ্লিষ্ট)

১৯. প্রকল্প পরিচালক, ইভিএম প্রকল্প, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২০. উপসচিব (সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

২১. উপজেলা নির্বাহী অফিসার, .............................................(সংশ্লিষ্ট)

২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ................................(সংশ্লিষ্ট)

২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................ এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৬. উপজেলা নির্বাচন অফিসার, ................................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা, .........................................(সংশ্লিষ্ট) থানা।

২৭/৭/২০২২

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ৫৫০০৭৬১০
E-mail: sasemc1@gmail.com

পরিশিষ্ট-ক

# গণ-বিজ্ঞপ্তি

যেহেতু, মাননীয় নির্বাচন কমিশন এতদ্বারা স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০ অনুযায়ী পৌরসভাসমূহের মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে নিম্নেবর্ণিত সময়সূচি ধার্য করিয়া প্রজ্ঞাপন জারি করিয়াছে:

| | | | | |
|---|---|---|---|---|
| (ক) | মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ | : | ২৪ আশ্বিন ১৪২৮ | শনিবার |
| | | | ০৯ অক্টোবর ২০২১ | |
| (খ) | মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ | : | ২৬ আশ্বিন ১৪২৮ | সোমবার |
| | | | ১১ অক্টোবর ২০২১ | |
| (গ) | প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ | : | ০১ কার্তিক ১৪২৮ | রবিবার |
| | | | ১৭ অক্টোবর ২০২১ | |
| **(ঘ)** | **ভোটগ্রহণের তারিখ** | : | **১৭ কার্তিক ১৪২৮** | **মঙ্গলবার** |
| | | | **০২ নভেম্বর ২০২১** | |
| **ভোটগ্রহণের সময়: সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত** | | | | |

০২। এক্ষণে, সেহেতু, আমি ..................... .................... ........................................... ও
(নাম) (পদবি)
রিটার্নিং অফিসার, ......................পৌরসভা নির্বাচন উক্ত বিধিমালার বিধি ১১ অনুযায়ী এতদ্বারা গণ-বিজ্ঞপ্তি জারি করিতেছি যে, ................................................পৌরসভার মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মনোনয়নপত্র আমার কার্যালয়.......................................................এ এবং সহকারী রিটার্নিং অফিসারের কার্যালয় ............................................এ আগামী ...........................তারিখ অথবা উক্ত দিনের পূর্ববর্তী যে কোন দিনে সকাল ০৯.০০ টা হতে বিকাল ৫.০০টা পর্যন্ত গ্রহণ করা হইবে।

০৩। সকল ভোটকেন্দ্রে নির্ধারিত তারিখে সকাল ৮.০০ ঘটিকা হতে বিকাল ৪.০০ ঘটিকা পর্যন্ত বিরতিহীনভাবে **ইভিএম** এর মাধ্যমে নির্বাচন অনুষ্ঠিত হইবে।

তারিখ:..................

রিটার্নিং অফিসারের নাম, পদবি ও স্বাক্ষর